কালের কণ্ঠ

তারিখ 13 DEC 2017
পৃষ্ঠা ১৮ কলাম ৫

# এবার প্রাথমিকে প্রশ্ন ফাঁস!

মুন্সীগঞ্জ প্রতিনিধি ▷

প্রশ্নপত্র ফাঁস হওয়ায় মুন্সীগঞ্জ সদরের ১১৩টি প্রাথমিক বিদ্যালয়ের তিনটি শ্রেণির বাংলা পরীক্ষা স্থগিত করেছে জেলা প্রশাসন। এক ঘণ্টা আগে গতকাল মঙ্গলবার সকাল ৯টায় পরীক্ষা স্থগিত করা হয়। ঘটনাটি তদন্তে অতিরিক্ত জেলা প্রশাসকের (রাজস্ব) দায়িত্বে থাকা এ ডি এম শওকত আলম মজুমদারকে প্রধান করে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, গতকাল সকাল ১০টায় প্রাথমিক বিদ্যালয়গুলোর দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণির শিক্ষার্থীদের বাংলা বিষয়ের বার্ষিক পরীক্ষা ছিল। কিন্তু আগের রাতে (সোমবার) বাংলা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ ওঠে। এর সত্যতা পেয়ে জেলা প্রশাসক সায়লা ফারজানা পরীক্ষা স্থগিত করার নির্দেশ দেন। তবে পরের পরীক্ষাগুলো যথাসময়েই অনুষ্ঠিত হবে। বিষয়টি নিশ্চিত করে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা পঞ্চানন বালা জানান, পরে তারিখ নির্ধারণ করে এ পরীক্ষা (বাংলা) নেওয়া হবে।

## মুন্সীগঞ্জ

**হামলায় কাজ বন্ধ :** মুন্সীগঞ্জের টঙ্গিবাড়ীতে 'দুর্বৃত্তদের' হামলায় উপজেলা পরিষদের বরাদ্দে নির্মাণাধীন সড়কের কাজ বন্ধ হয়ে গেছে। ঘটনাটি ঘটেছে গতকাল মঙ্গলবার সকালে যশলং গ্রামে। এর আগে সোমবার সকালে যশলং হাজী আব্দুল গণি-আব্দুল করিম উচ্চ বিদ্যালয়ের উত্তর পাশ থেকে তালুকদার বাড়ি পর্যন্ত সড়কটির নির্মাণকাজের উদ্বোধন করেন উপজেলা চেয়ারম্যান কাজী ওয়াহিদ। জানা যায়, গতকাল সকালে যশলংয়ের হাসেম তালুকদার, রহমান তালুকদার, আনু দফেদার গংরা নির্মাণকাজে নিয়োজিত শ্রমিকদের ওপর হামলা চালায়। এ সময় প্রাণভয়ে শ্রমিকরা পালিয়ে যায়। নুরুল ইসলাম ওরফে রতন অভিযোগ করেন, তাঁর পৈতৃক জমি থেকে মাটি কেটে সামাজিক রাস্তাটি নির্মাণের কাজ করা হচ্ছিল। কিন্তু হাসেম তালুকদাররা জমিটি তাদের দাবি করে শ্রমিকদের ওপর হামলা চালায় এবং তাঁর (নুরুল) বিরুদ্ধে নারী নির্যাতনের মামলা করার হুমকি দেয়। এ ব্যাপারে উপজেলা চেয়ারম্যান ওয়াহিদ জানান, যশলং গ্রামের লোকজনের জন্য রাস্তাটি খুবই জরুরি। উপজেলা পরিষদ থেকে এটি নির্মাণের জন্য এক লাখ টাকা বরাদ্দ দেওয়া হয়েছে।